

ঢাকা ভাসিটির পাঁচ

ছাত্রকে শো'কজ

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের একজন ছাত্রকে মারধর করার অভিযোগে কর্তৃপক্ষ ৫ জন ছাত্রকে 'কেন বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে না' এইমর্মে কারণদর্শাও নোটিস প্রদান করিয়া- (১ম পৃ: দ্র:)

শোকজ (৩য় পৃ: পর)

ছেন। অভিযুক্তরা সকলেই জিয়া হলের ছাত্র। গত মঙ্গলবার রাত ১০টায় জসীমউদ্দীন হলের ক্যান্টিনে খাবার খাওয়া নিয়া এই হলের ফারুক শিকদার নামে বাংলা বিভাগের একজন ছাত্রকে তাহারা মারধর করে।

অভিযুক্ত পাঁচজন ছাত্র হইল: মোমিন উদ্দীন, কক্ষ নং ২২৬, এম,এ, (নতন) রাষ্ট্রবিজ্ঞান বিভাগ; শেখ ফরিদ, কক্ষ নং ৪২৭, এম,এ, (নতন) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ; সেলিম, কক্ষ নং ৪২৪ এম,এ, (নতন) ইতিহাস বিভাগ; সাজ্জাদ হোসেন, কক্ষ নং ৪২৪ এম, এ, (নতন) ইতিহাস বিভাগ এবং মনির, এম,এ, (নতন) বাংলা বিভাগ।

আগামী ৭ দিনের মধ্যে কারণ দর্শাও নোটিসের সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হইলে তাহাদেরকে বিশ্ব-বিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে। উল্লিখিত ঘটনা তদন্তপূর্বক রিপোর্ট প্রদানের উদ্দেশ্যে কবি জসীমউদ্দীন হলের সিনিয়র হাউজ টিউটর মো: সেলিম ভূঁইয়াকে আহ্বায়ক এবং ড: মঈনউদ্দিন কামাল ও আবদুল হালিমকে সদস্য করিয়া তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে।